তা.. 01 JUL 1991
পৃষ্ঠা... ২ ...কলাম... ৫...

দৈনিক সংবাদ

২১

ঢাকা বিশ্ববিদ্যালয় ৬ই জুলাই খুলবে

# পরিচয়পত্র পরীক্ষা করে ছাত্রদের হলে প্রবেশ করতে দেয়া হবে

ঈদুল আজহার ছুটিশেষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলগুলো খুলে দেয়ার পর আবাসিক ছাত্র-ছাত্রীদের পরিচয়পত্র পরীক্ষা করে তাদের নিজ নিজ হলে প্রবেশ করার অনুমতি দেয়া হবে। বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তির বরাত দিয়ে বাসস গতকাল এ খবর জানায়। ৬ই জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয় খুলবে।

সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এম মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে অনুষ্ঠিত সকল প্রভোস্ট, হাউস টিউটর, প্রক্টর ও সহকারী প্রক্টরদের এক বৈঠকে এই সিদ্ধান্ত নেয়া হয়। বহিরাগত ও অস্ত্রধারীদের প্রবেশে বাধা দেয়ার জন্য সবগুলো ছাত্রাবাসের ফটকে পুলিশ মোতায়েনেরও সিদ্ধান্ত নেয়া হয়। ছাত্রাবাস প্রশাসন এ ব্যাপারে সার্বক্ষণিক নজর রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

বৈঠকে সর্বসম্মতিক্রমে অভিমত ব্যক্ত করা হয় যে, অবৈধ অস্ত্র উদ্ধার ও অস্ত্রধারীদের গ্রেফতারের দায়িত্ব আইনপ্রয়োগকারী সংস্থার।